



‘বিএনপি সংস্কারবিরোধী’ প্রচারণা উদ্দেশ্যমূলক: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, পরিকল্পিতভাবে এমন অপপ্রচার চালানো হচ্ছে যে বিএনপি সংস্কারের বিপক্ষে। বাস্তবে বিএনপিই রাজনৈতিক ও প্রশাসনিক সংস্কারের দাবি সবচেয়ে আগে তুলেছিল বলে তিনি মন্তব্য করেন। তার মতে, সময়োপযোগী সংস্কার ছাড়া একটি আধুনিক ও গণতান্ত্রিক বাংলাদেশ গড়া সম্ভব নয়, আর সে দায়িত্ব নিতে প্রস্তুত বিএনপি।

রোববার (২ নভেম্বর) রাজধানীর গুলশানে এক অনুষ্ঠানে অনলাইন পেমেন্ট গেটওয়ে উদ্বোধন উপলক্ষে আয়োজিত সভায় তিনি এসব কথা বলেন।

ফখরুল বলেন, “বর্তমান প্রজন্ম প্রযুক্তিতে এখনও অনেক পিছিয়ে। নতুন প্রযুক্তি শেখা, ব্যবহার করা এবং এর মাধ্যমে সংগঠনকে শক্তিশালী করাই এখন সময়ের দাবি।” তিনি দলীয় নেতাকর্মীদের ডিজিটাল মাধ্যমে আরও সক্রিয় হওয়ার আহ্বান জানান।

তিনি আরও বলেন, “আমাদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সামাজিক যোগাযোগমাধ্যমে বিভিন্ন বার্তা দেন, কিন্তু দলীয়ভাবে আমরা অনেক সময় সাড়া দিই না। এখনকার রাজনৈতিক লড়াইয়ের বড় অংশ সাইবার স্পেসে—এ জায়গায় শক্ত অবস্থান তৈরি করাই মূল লক্ষ্য হওয়া উচিত।”

বিএনপি মহাসচিব বলেন, “সভা-সমাবেশের সংখ্যা দিয়ে সাফল্য মাপা যাবে না। মানুষের কাছে পৌঁছাতে হলে ডিজিটাল প্ল্যাটফর্মকেই ব্যবহার করতে হবে। আমাদের নেতৃত্ব ইতিমধ্যে সেই পথে অগ্রসর হয়েছে, আমরা সবাই মিলে এটিকে আরও এগিয়ে নিতে চাই।”